



অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৪.১৫-৩৮৫

তারিখঃ ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

বিষয় : করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকারের সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রজ্ঞাপন নং-০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪, তারিখঃ ২৯-০৩-২০২১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত প্রজ্ঞাপনের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকারের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ দেলোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৮৪১২৮, ফ্যাক্সঃ ৯৫৮৫১৩৮

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
- ০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১১। উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১২। উপপ্রধান তথ্য অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সিনিয়র সহকারী সচিব (সকল)/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৫। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ১৬। সহকারী সচিব (সকল)/প্রোগ্রামার/সহঃ প্রোগ্রামার/সহঃ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৭। মাস্টার ফাইল/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮-২.৪৬.০২৫.২০২১-১২৪

তারিখ ১৫ ফেব্রুয়ারি ২০২১ (আইন)
২৯ মার্চ ২০২১
ডায়েরী নম্বর ৬৩১
তারিখঃ ০৫ MAR ২০২১
স্বাক্ষরঃ

প্রজ্ঞাপন

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

- সকল ধরণের জনসমাগম (সামাজিক/ রাজনৈতিক/ ধর্মীয়/ অন্যান্য) সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরণের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে/ জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;
- মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;
- পর্যটন/ বিনোদন কেন্দ্র/ সিনেমা হল/ থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরণের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;
- গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;
- সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বন্ধ রাখতে হবে;
- বিদেশ হতে আগত যাত্রীদের ১৪ দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী খোলা/ উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে; ওষুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;
- শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়েরই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বন্ধ থাকবে;
- অপ্রয়োজনীয় ঘোরাফেরা/ আড্ডা বন্ধ করতে হবে। জরুরি প্রয়োজন ছাড়া রাত ১০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;
- প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরণের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- করোনায় আক্রান্ত/ করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/ অসুস্থ/ বয়স ৫৫-উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;
- সশরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরণের গণপরিষ্কার ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে; হোটেল-রেষ্টোরাঁসমূহে ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক মানুষের প্রবেশ বারিত করতে হবে; কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।

অতিরিক্ত সচিব (প্রঃ) দপ্তর
যুগ্মসচিব (প্রশাসন)
যুগ্মসচিব (BRTC)
কাউন্সিল অফিসার
সিঃ সিস্টেম এনালিস্ট
✓ সিঃ সিস্টেম এনালিস্ট
ডায়েরী নম্বর: ৪৭৬
তারিখ: ২৯/৩/২০২১
স্বাক্ষর:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।




পত্র সংখ্যা

তারিখ

০২। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে সারাদেশে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।


২২/৩/২০
(ড. আহমদ কায়কাউস)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/ সচিব,..... (সকল)- [নিজ মন্ত্রণালয়/ বিভাগসহ আওতাধীন দপ্তর/ সংস্থা/ অফিস/ প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৩. বিভাগীয় কমিশনার,..... (সকল)
৪. জেলা প্রশাসক,..... (সকল)
৫.

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৫. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।